

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১১৭

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে সালাতের ব্যাপারে হাদীসগুলো সংক্ষিপ্ত ব্যাখ্যাহীনভাবে এসেছে, যা আমরা আগে বর্ণনা করেছি, সেই সম্পর্কে আলোচনা

ذِكْرُ الصَّلَاةِ الَّتِي رُويت فِيهَا الْأَخْبَارُ الْمُخْتَصِرَةُ الْمُجْمَلَةُ الَّذِي تَقَدَّمَ ذِكْرُنَا لَهَا

আরবী

2117 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ وَعُمَرُ بْنُ مُحَمَّدِ بْنِ بُجَيْرٍ قَالَا: حَدَّثَنَا وَكِيعٌ عَنِ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ عَنِ الْأَسْوَدِ عَنْ عَائِشَةَ قَالَتْ: سَلْمُ بْنُ جُنَادَةَ قَالَ: حَدَّثَنَا وَكِيعٌ عَنِ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ عَنِ الْأَسْوَدِ عَنْ عَائِشَةَ قَالَتْ: لَمَّا مَرِضَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَضَهُ الَّذِي مَاتَ فِيهِ جَاءَهُ بِلَالٌ يُوْذِنُه بِالصَّلَاةِ فَقَالَ: (مُرُوا أَبَا بَكْرٍ وَجُلٌ أَسِيفٌ وَمَتَى فَقَالَ: (مُرُوا أَبًا بَكْرٍ فَلْيُصِلِّ بِالنَّاسِ) قُلْنَا: يَا رَسُولَ اللَّهِ إِنَّ أَبًا بَكْرٍ لِيُصلِّي بِالنَّاسِ وَلَنَا: يَا رَسُولَ اللَّهِ إِنَّ أَبًا بَكْرٍ لِيُصلِّي بِالنَّاسِ وَمُتَى يَقُمْ مَقَامَكَ يَبْكِ فَلَوْ أَمَرْتَ عُمَرَ أَنْ يُصلِّي بِالنَّاسِ قَالَ: (مُرُوا أَبَا بَكْرٍ لِيُصلِّي بِالنَّاسِ وَلَيَّ مَوَّا اللَّهُ عَلَيْهِ وَسَلِّى بِالنَّاسِ قَالَ: (مُرُوا أَبَا بَكْرٍ لِيُصلِّي بِالنَّاسِ وَلَاثَ مَرَّاتٍ _ فَإِنَّكُنَّ صَوَاحِبَاتُ يُوسُفَى قَالَتْ: فَأَرْسَلْنَا إِلَى أَبِي بَكْرٍ فَصلَّى بِالنَّاسِ فَوَجَدَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ مِنْ نَفْسِهِ خِفَّةً فَخَرَجَ يُهَادَى بَيْنَ رَجُلَيْنِ وَرِجْلَاهُ وَسَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ نَفْسِهِ خِفَّةً فَخَرَجَ يُهَادَى بَيْنَ رَجُلَيْنِ وَرِجْلَاهُ وَسَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسُلَّمَ وَلَا أَنْ مَكَانَكَ.

قَالَ: فَجَاءَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَلَسَ إِلَى جَنْبِ أَبِي بَكْرٍ فَكَانَ أَبُو بَكْرٍ يَأْتَمُّ بِالنَّبِيّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ والناس يأتمون بأبي بكر.

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2117 | خلاصة حكم المحدث: حسن.

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: هَذَا خَبَرٌ مُخْتَصَرٌ مُجْمِلٌ فَأَمَّا اخْتِصَارُهُ فَلَيْسَ فِيهِ ذِكْرُ الْمَوْضِعِ الَّذِي جَلَسَ فِيهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَعَلَى يَمِينِ أَبِي بكر أو عن يساره.



বাংলা

২১১৭. আয়িশা রাদ্যাল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জ্ঞান হারিয়ে ফেলেন, তারপর আবার জ্ঞান ফিরে পান। অতঃপর তিনি বলেন, "লোকজন কি সালাত আদায় করেছে?" আমরা বললাম, "জ্বী, না।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তোমরা আবূ বকর রাদ্যাল্লাহু আনহুকে আদেশ করো, তিনি যেন লোকদের নিয়ে সালাত আদায় করেন।"

আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "আমি বললাম, নিশ্চয়ই আবূ নরম হৃদয়ের মানুষ। যখন তিনি আপনার জায়গায় দাঁড়াবেন, তখন তিনি লোকদের নিয়ে সালাত আদায় করতে পারবেন না।" আসিম রহিমাহুল্লাহ বলেন, "اُسيف" এর অর্থ কোমল, দয়ালূ।"

রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তোমরা আবূ বকর রাদ্বিয়াল্লাহ্ আনহকে আদেশ করো, তিনি যেন লোকদের নিয়ে সালাত আদায় করেন।" আয়িশা রাদ্বিয়াল্লাহ্ আনহা বলেন, "রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এই কথা তিনবার বলেন। আর আমি প্রত্যেকবার একই জবাব দিয়েছি। তারপর আবূ বকর রাদ্বিয়াল্লাহ্ আনহু লোকদের নিয়ে সালাত আদায় করেন। তারপর রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কিছুটা হালকা অনুভব করেন। তারপর তিনি বারীরা ও নূবা মাঝে থেকে মাসজিদের দিকে বের হন। আমি তাঁর দেখছিলাম, তাঁর জুতা দুটো কঙ্করের মাঝে হেঁচড়ে যাচ্ছিলো, আমি তাঁর পায়ের পেট দেখতে পাচ্ছিলাম। তিনি তাদের দুইজনকে বললেন, "তোমরা আমাকে আবূ বকর রাদ্বিয়াল্লাহ্ আনহুর পাশে বসিয়ে দাও। অতঃপর আবূ বকর রাদ্বিয়াল্লাহ্ আনহু যখন তাঁকে দেখতে পান, তখন তিনি পিছু হটতে উদ্যত হন, তখন রাসূল সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম তাঁকে ইশারায় বললেন, "আপনি নিজ জায়গায় থাকুন।" তারপর তারা দুইজন তাঁকে আবূ বকর রাদ্বিয়াল্লাহ্ছ আনহুর পাশে বসিয়ে দেন।

আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই সময় বসে সালাত আদায় করেন, আর আবু বকর রাদিয়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সালাতের অনুসরণ করেন আর লোকজন আবু বকর রাদিয়াল্লাহু আনহুর সালাতের অনুসরণ করেন।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "হাদীসটি সংক্ষিপ্ত ও ব্যাখ্যাহীন। সংক্ষিপ্ত এজন্য যে, এখানে উল্লেখ করা হয়নি যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোথায় বসেছিলেন; আবৃ বকর রাদ্বিয়াল্লাহু আনহুর ডান দিকে না বাম দিকে।"

ফুটনোট

[1] মুসন্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩৩১; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫২৪; শামাইলে তিরমিযী: ৩৭৮; ইবনু মাজাহ: ১২৩৪।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২১১৭)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন